# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৪৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মসজিদে গমনকারী ব্যক্তির এক পদক্ষেপের কারণে মহান আল্লাহ অনুগ্রহ করে তার একটি মর্যাদা বৃদ্ধি করে দেন

## ذِكْرُ تَفَضُّلِ اللَّهِ عَلَى الْجَائِي إِلَى الْمَسْجِدِ بِكَتْبِهِ الْحَسَنَاتِ لَهُ بِكُلِّ خُطْوَةٍ يَخْطُوهَا

আরবী

2043 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى حَدَّثَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ أَنَّ أَبَا عُشَّانَةَ حَدَّثَهُ: أَنَّهُ سَمِعَ عُقْبَةَ بْنَ عَامِرٍ يُحَدِّثُ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم أَنَّهُ قَالَ: (إِذَا تطهَّر الرَّجُلُ ثُمَّ أَتَى الْمَسْجِدَ يَرْعَى الصَّلَاةَ كَتَبَ لَهُ كَاتِبَاهُ بِكُلِّ خطوة يخطوها إلى المسجد عشر حسنات)

الراوي : عُقْبَة بْن عَامِرٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2043 | خلاصة حكم المحدث: صحيح

قَالَ أَبُو حَاتِمٍ: أَبُو عُشَّانَة اسْمُهُ: حَيُّ بْنُ يُؤْمِنَ مِنْ ثِقَاتِ أَهْلِ فُسْطَاطِ مِصْرَ

বাংলা

২০৪৩. উকবাহ বিন আমির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন কোন ব্যক্তি ওযূ করে তারপর সালাত হেফাযত করার জন্য মাসজিদে আসে, তাহলে তার দুই ফেরেস্তা মাসজিদের দিকে যাওয়ার জন্য তার প্রতিটি পদক্ষেপের জন্য ১০ টি করে সাওয়াব লিখেন।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “আবূ উশশানার নাম হাই বিন ইউমিন আল মা‘আফিরী, তিনি মিসরের একজন নির্ভরযোগ্য রাবী।”

ফুটনোট

[1] তাবারানী আল কাবীর: ১৭/৮৩১; সহীহ ইবনু খুযাইমাহ: ১৪৯২; হাকিম: ১/১১২; সুনান বাইহাকী: ৩/৬৩;

বাগাবী: ৪৭৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ২০৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91361

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন